

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৬৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. তৃতীয় অনুচ্ছেদ - জুমু'আর সালাত

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَكْثِرُوا الصَّلَاةَ عَلَيَّ يَوْمَ الْجُمُعَةِ فَإِنَّهُ مَشْهُودٌ تَشْهَدُهُ الْمَلَائِكَةُ وَإِنَّ أحدا لن يُصَلِّي عَلَيَّ إِلَّا عُرِضَتْ عَلَيَّ صَلَاتُهُ حَتَّى يَفْرُغَ مِنْهَا» قَالَ: قُلْتُ: وَبَعْدَ الْمَوْتِ؟ قَالَ: «إِنَّ اللَّهَ حَرَّمَ عَلَى الْأَرْضِ أَنْ تَأْكُلَ حَتَّى يَفْرُغَ مِنْهَا» قَالَ: قُلْتُ: وَبَعْدَ الْمَوْتِ؟ قَالَ: «إِنَّ اللَّهَ حَرَّمَ عَلَى الْأَرْضِ أَنْ تَأْكُلَ أَجْسَادَ الْأَنْبِيَاءِ فَنَبِيُّ اللَّهِ حَيُّ يُرْزَقُ» . رَوَاهُ ابْنُ مَاجَه

বাংলা

১৩৬৬-[১৩] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা জুমু'আর দিন আমার ওপর বেশী পরিমাণ করে দর্রদ পড়ো। কেননা এ দিনটি হাজিরার দিন। এ দিনে মালায়িকাহ্ (ফেরেশতাগণ) হাজির হয়ে থাকেন। যে বক্তি আমার ওপর দর্রদ পাঠ করে তার দর্রদ আমার কাছে পেশ করা হতে থাকে, যে পর্যন্ত সে এর থেকে অবসর না হয়। আবুদ্ দারদা বলেন, আমি বললাম, মৃত্যুর পরও কি? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আল্লাহ তা'আলা নবীদের শরীর ভক্ষণ করা মাটির জন্য হারাম করে দিয়েছেন। অতএব নবীরা কবরে জীবিত এবং তাদেরকে রিযক্ক (রিজিক/রিয়িক) দেয়া হয়। (ইবনু মাজাহ)[1]

ফটনোট

[1] হাসান লিগায়রিহী : ইবনু মাজাহ্ ১৬৩৭, সহীহ আতৃ তারগীব ১৬৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে শার'ঈ বিধান রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর জুমু'আর দিনে বেশী বেশী দরূদ পড়া শারী'আত সম্মত এবং তা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পৌঁছানো হয় এবং তিনি তাঁর ক্বরে জীবিত রয়েছেন। অবশ্য 'উলামাদের একটি দল এটাই গ্রহণ করেছেন, তাদের মধ্য বায়হাকী ও সুয়ুতী (রহঃ) রয়েছেন, তারা মতামত ব্যক্ত করেছেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত্যুর



পরও জীবিত রয়েছেন। এমনকি তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উম্মাতের আনুগত্যে আনন্দিত হন। কিন্তু আমাদের (জমহূর 'উলামাহ্, মুহাদ্দিসগণ, চার ইমামগণসহ সকলেই) নিকট তাঁর জীবিত থাকাটা হায়াতে বারযাখিয়াহ্ বা বারযাখী জীবন, এটি দৃশ্যমান দুনিয়ার জীবন নয়। কেননা তাঁর আত্মা ইল্লীয়িনে সুউচ্চ-সুমহান বন্ধুর নিকট রয়েছে এবং তাঁর দেহ মুবারাকের সাথে অতীবও পবিত্রতার সম্পৃক্ততা শাহীদ ব্যক্তির দেহের সাথে আত্মার সম্পৃক্ততার তুলনায় অধিক মজবুত-দৃঢ় উন্নত। সহীহ হাদীসগুলোতে যা রয়েছে তা ব্যতীত দুনিয়ার জীবনের কোন হুকুম তাঁর জন্য প্রযোজ্য নয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন